



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২০২১/২৫

-বিশেষ

তারিখ: ০৩/০৮/২০২২ খ্রি.


বিষয়: স্বাস্থ্য বিধি মেনে ২০-২৬ আগস্ট ২০২২ সময়কালীন বিদ্যালয়ে ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম পালন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- স্বাঃ অধিঃ/সিডিসি/ফাইলেরিয়া/ক্ষুদে ডাক্তার/২০১৬/৬০১৫,

তারিখ: ০১/০৭/২০২২ ইং

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৫ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২০ থেকে ২৬ আগস্ট ২০২২ সময়কালীন কিন্ডারগার্টেন, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং সমপর্যায়ের মাদ্রাসাসহ সরকারি-বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানে ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা কার্যক্রম অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য পরীক্ষায় গঠিত ক্ষুদে ডাক্তার দল তাদের জন্য নির্ধারিত শ্রেণীর সকল শিক্ষার্থীর ওজন, উচ্চতা ও দৃষ্টি শক্তি পরিমাপসহ আনুষঙ্গিক অন্যান্য তথ্য সংগ্রহ করে তা স্বাস্থ্য পরীক্ষার ফরমে লিপিবদ্ধ করবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্ষুদে ডাক্তার দল গঠন এবং তাদের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা একটি অভিনব কার্যক্রম যাতে শিক্ষার্থীদের অনুপ্রানিত হবার, দলগতভাবে কাজ করার এমনকি সুশৃঙ্খল ভাবে বেড়ে উঠার সুযোগ রয়েছে। স্বাস্থ্য পরীক্ষা করতে গিয়ে এই ক্ষুদে ডাক্তার দল কোন শিক্ষার্থীর অস্বাভাবিক শারীরিক বৃদ্ধিসহ দৃষ্টি শক্তিতে ত্রুটি কিংবা স্বাস্থ্য পরীক্ষার ফরমে উল্লেখিত অন্যান্য বিষয়াদির তথ্যও গাইড শিক্ষককের নজরে আনতে পারবে এবং বিষয়গুলো প্রাথমিক পর্যায়েই সংশোধনের ব্যাপারেও সহায়ক ভূমিকা রাখবে।

উপরে উল্লেখিত সময়কালীন সময়ে ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক পর্যায়ের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে সহযোগিতা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

ফোন নং- ০২-৯৫৫৪৫৬৫।

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
০৩. জেলা শিক্ষা অফিসার (সকল)
০৪. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
০৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা, .....।  
(মাধ্যমিক পর্যায়ের সকল স্কুল এন্ড কলেজ)

অনুলিপি: সদয় অবগতি জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল ইসলাম, পরিচালক (রোগ নিয়ন্ত্রণ) ও লাইন ডাইরেক্টর, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২. সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাউশি (ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ)
০৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫. সংরক্ষণ নথি।